দূরন্ত বার্তা, বোলপুর, ১ জানুয়ারি : ছাব্বিশের বিধানসভা নির্বাচনে বিভেদ ভুলে কাজ করার আহ্বান জানালেন কঞ্চালীতলা পঞ্চায়েতের উপপ্রধান মহম্মদ ওহিদউদ্দিন (শেখ মামন) তথা অঞ্চল সভাপতি। বৃথারার সন্ধ্যায় বিভিন্ন অভিযোগ নিয়ে লায়েকবাজার তৃণমূল কার্যালয়ে সাবাদিক বৈঠক করেন শান্তিনিকেতনের কঞ্চালীতলা পঞ্চায়েতের উপপ্রধান মহম্মদ ওহিদউদ্দিন (শেখ মামন)। মহম্মদ ওহিদউদ্দিন সাংঘাতিক বৈঠক করে বলেন, আমাকে প্রাণ নাশের হুমকি দিচ্ছে দুজনরা। পঞ্চায়েতে ঢুকতে পারছি না। বিষয়টি প্রশাসনের নজরে আনতে জেলা পুলিশ সুপার সহ অন্যান্যদের কাছে লিখিত অভিযোগ করেছি। পরে দলীয় স্তরে বিষয়টি জানাবো। অঞ্চল সভাপতি পদ থেকে অপসারন প্রসঙ্গে তিনি বলেন, আমাকে দলীয় স্তরে কেউ মৌখিক কিংবা লিখিত ভাবে কেউ কিছুই জানায়নি। সম্প্রতি জেলার বৈঠকে অঞ্চল সভাপতি হিসাবে ডাকা হয়েছিল এবং সেখানে উপস্থিত ছিলাম। উল্লেখ্য, অনুরত মণ্ডলের অনুগত মহম্মদ ওহিদউদ্দিন কাজল ঘনিষ্ঠদের মনপূত না হওয়ায়, কাজল সেখ এবং নানুর বিধায়ক বিধানচন্দ্র মাঝির উপস্থিতিতে বিভিন্ন অভিযোগ তুলে মহম্মদ ওহিদউদ্দিনকে অঞ্চল সভাপতির পদ থেকে অপসারনের কথা বলা হয়। যদিও একইভাবে, কিছু ব্যক্তির জুলুমের বিষয়টি কোনো অজানা কারণে জেলা সভাধিপতি কাজল সেখ এড়িয়ে যাচ্ছেন।

‘ কি বাড়ি ফেরত পাব না?’, ছেলেকে নিয়ে রাস্তায় বসে বৃদ্ধা

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জানুয়ারি : বৃদ্ধার জমি ও বাড়ি দখল করে বসে রয়েছেন ভাড়াটিয়ারা। মুখ ফিরিয়েছে পুলিশ। নিজের বাড়ি ফিরে পেতে শেষ পর্যন্ত অবস্থানে বসেছেন অস্বীতিপর বৃদ্ধা। রাস্তার ধারে প্রকাট হাতে বসে রয়েছেন তিনি। শিলিগুারি ঘটনা। বৃদ্ধার নাম যুথিকা বিশ্বাস। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজের গা ঘেঁষে থাকা টিকনিকাটা এলাকায় তিনকাটা জমির ওপর একটি বাড়ি রয়েছে বৃদ্ধা যুথিকা বিশ্বাসের। বেশ কয়েক বছর আগে তিনি বাড়িটি ভাড়া দিয়েছিলেন। বৃদ্ধার দাবি, গত কয়েক মাস ধরে ভাড়াটিয়াকে বাড়ি ছেড়ে দিতে বলছেন তিনি, অথচ



ছাড়ছেন না তিনি। অভিযোগ, বৃদ্ধার বাড়ি কার্যত দখল হওয়ার পথে। ওই বৃদ্ধার ছেলে সঞ্জীব বিশ্বাস জানান, এই নিয়ে স্থানীয় মেডিক্যাল পুলিশ ফাঁটিে গিয়েছিলেন তারা। কিন্তু পুলিশ অভিযোগ যেমনি বলে দাবি করেন তিনি। সঞ্জীব বিশ্বাসের দাবি, বিষয়টা মিটিয়ে নিতে বলা হয়েছিল তাঁদের। এরপর মাটিগাড়া থানায় যান তারা। সেখানেও অভিযোগ নেওয়া হয়নি। তিনি বলেন, বাধ্য হয়ে পুলিশ কমিশনারেটে গিয়ে গত ২৭ ডিসেম্বর অভিযোগ জানিয়েছি। কিন্তু পুলিশ তদন্ত করছে না। ফলে নিজেদের জমি ও বাড়ি ফিরে পেতে ধরনায় বসেছি। টিকনিকাটা এলাকায় ওই বাড়িতে গেলেও ভাড়াটিয়া মুক্তি সাধার দেখা মেলেনি। তাঁর স্ত্রী জানান, আজ, বৃহস্পতিবার কথা বললেন তিনি। তবে আজ নয়। ওই মহিলা আরও বলেন, মার্চে ছেলের পরীক্ষা। তারপর বাড়ি ছেড়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে।

প্রায় ৪০ হাজার ভক্ত সমাগম, বছরের প্রথম দিনেই দর্শনার্থীদের ঢল নামল তারাপীঠ মন্দির-চত্বরে

দূরন্ত বার্তা, তারাপীঠ, ১ জানুয়ারি : বাংলার নববর্ষ অথবা ইরেজি নববর্ষ। মায়ের পূজো দিয়ে বছর শুরু করেন সকলে। সেইমতো বুধবার দর্শনার্থীদের ঢল নামল তারাপীঠ মন্দির-চত্বরে। বুধবার ভোর থেকেই পুণ্যাধীনের ভিড় জমতে থাকে মন্দিরে। বেলা বাড়ার সঙ্গে ভিড় আরও বাড়তে থাকে। ভিড় সামাল দিতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয় এদিন। মঙ্গলবার মধ্যরাত থেকেই তারাপীঠ মন্দিরের পূজো দেওয়ার জন্য মন্দির-চত্বরে ভিড় জমাতে থাকেন পুণ্যাধীরা। রাজ্য ভোে বটেই, ডিন রাজ্য থেকেও বহু মানুষ আসছেন পূণ্য অর্জনের জন্য। ইরেজি নববর্ষের প্রথম দিনে প্রায় ৩০ থেকে ৪০ হাজার ভক্তের সমাগম ঘটল তারাপীঠ মন্দির চত্বরে। সুদূরভাবে সজিয়ে তোলা হয়েছে তারাপীঠ মন্দির চত্বর। ভোর বেলায় মাকে স্নান করিয়ে রাজ্যরাজেশ্বরী বেশে সাজিয়ে হয় মঙ্গল আরাতি। মঙ্গল আরাতির পরে শুরু হয় মায়ের পূজো। আজ দিনভর বিশেষ পূজার পাশাপাশি দুপুর থেকে বিশেষ অন্নভোগ নিবেদন করা হবে। পাঁচ রকম সবজি, পাঁচ রকম মিষ্টি, খিচুড়ি, পোলাও, সাপা ভাত, মাছের মাথা, শোল মাছ পোড়া এবং কারণ-সহযোগে এই ভোগ নিবেদন করা হয়। সন্ধ্যাবেলায় সন্ধ্যারতি। সন্ধ্যা আরাতির পর মাকে ফের বিশেষ ভোগ নিবেদন করা হয়। যেখানে ছিল লুচি, সুজি, মিষ্টি, পায়সে। মন্দিরে আসা এক পুণ্যাধী বলেন, প্রত্যেক বছরই আমরা বছরের শুক্লর দিনটা মায়ের পূজো দিতে আসি। এবছর এসে ভালোই লাগছে। এ বছর যথেষ্ট ভিড় হয়েছে। তবে মন্দিরের নতুন নিয়মে চালু হওয়ায় অনেকটাই সুবিধা হয়েছে তাঁদের। পূজো দিতে গিয়ে অনেকটা কম সময় লাগল। আরেক পর্যটক বলেন, আমরা প্রাধান্য ধরতেই বেরিয়েছিলাম। যাওয়ার পথে মন্দির দর্শন করে গেলাম। বহু বছর আগে তারাপীঠ মন্দিরে এসেছিলাম। এখন ব্যবস্থাপনা আগের থেকে অনেক ভালো হয়েছে।



জেনারেল লাইনে দাঁড়িয়ে থাকা ভক্তদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে মন্দির কমিটি। প্রসঙ্গত, তারাপীঠের মা তারার মন্দিরে নতুন নিয়ম চালু হয়েছিল পৌষ মাসের একবারে প্রথম দিন থেকেই। মন্দিরে মোবাইল নিয়ে প্রবেশে সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। সম্প্রতি তারাপীঠ মন্দির কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সেবাহিতদের সঙ্গে প্রশাসনিক বৈঠক করেন জেলাশাসক। সেই বৈঠকে মন্দিরের নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় রাখতে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্তও নেওয়া হয়। কী কী সিদ্ধান্ত? মন্দির নির্দিষ্ট সময়ে খুলতে ও বন্ধ করতে হবে। মা তারার মন্দিরে নির্দিষ্ট সময়ে ভোগ নিবেদন বাধ্যতামূলক। পূজার জন্য মাত্র দু’টি লাইন রাখা হবে-- একটি সাধারণ লাইন, একটি বিশেষ লাইন। সাধারণ লাইন এক ঘণ্টা আগে খোলা হবে, তারপূর বিশেষ লাইন চালু হবে। এছাড়াও নতুন নিয়ম অনুযায়ী, মন্দিরের গর্দগ্গেহে গোলাপজল, আলতা দেওয়া যাবে না। ভক্তরা মায়ের চরণ স্পর্শ করতে পারবেন না বা মূর্তিকে জড়িয়ে ধরতে পারবেন। প্রশাসনের তরফ থেকে জানানো হয়েছিল, এই নিয়মগুলি মন্দিরের ভিড় নিয়ন্ত্রণ, ভক্তদের সুবিধা এবং নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর করা হয়েছে। দেখা যাচ্ছে, তাতে কাজ হয়েছে।

তৃণমূলের প্রতিষ্ঠা দিবসে কঞ্চল বিতরণে অঘটন! ইট পড়ে আহত ৫ মহিলা-সহ ৭

দূরন্ত বার্তা, মালদা, ১ জানুয়ারি : তৃণমূলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে কবল বিতরণ ও খিচুড়ি খাওয়াক কেন্দ্র করে কঞ্চল কাণ্ড মালদা। প্রাথমিক স্কুলের মাঠে সাজিয়ে রাখা ইট চাপা পড়ে আহত ৭ জন। তাদের মধ্যে ৫ জন মহিলা বয়ে জানা গেছে। অনেকজন এক সঙ্গে চলে আসায় এই কাণ্ড ঘটেছে বলেই অনুমান। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, তুলসীহাটায় তৃণমূল ব্লক নেতৃত্বের তরফে এলাকা ও আশেপাশের গরিব মানুষের মধ্যে

কঞ্চল বিতরণের সিদ্ধান্ত নেওয়া হয়। সেই মতো তুলসীহাটা হাই স্কুলের মাঠে অনুষ্ঠান শুরু হয়। প্রায় দেড় হাজার দুঃস্থদের কঞ্চল বিতরণ করা হবে ঠিক ছিল। কিন্তু একসঙ্গে অনেক লোক চলে আসায় বিপত্তি বাড়ে। পরিস্থিতি হাতের বাইরে চলে যায়। হঠাৎ হুড়োহুড়ি বাধে। স্কুল মাঠে দেওয়ালের মতো করে খরে খরে ইট সাজানো ছিল। ধাক্কাধাকির সময় সেই আলগা ইট পড়ে যায়। তাতেই জখম হন পাঁচ মহিলা-সহ ৭ জন। আহতদের উদ্ধার করে

হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের পাশে রয়েছেন স্থানীয় তৃণমূলের নেতারা। উল্লেখ্য, ২০২২ সালে আসানসোল পুরসভায় প্রাক্তন মেয়র জিতেন্দ্র তিওয়ারির স্ত্রী তথা বিজেপি কাউন্সিলর চেতালী তিওয়ারী কঞ্চল বিতরণের অনুষ্ঠান করেন। সেখানেও ভিড় হয়েছিল। হঠাৎ হুড়োহুড়িতে পরপিল্পি হয়ে মারা যান তিওয়ারী। তাদের মধ্যে ছিল এক শিশুও। ঘটনাস্থলে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

ভারতে অনুপ্রবেশের আশঙ্কা বাড়ছে, শনাক্ত করতে দিল্লি পুলিশের ‘সেল’

নয়াদিল্লি, ১ জানুয়ারি : বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে ভারতে অনুপ্রবেশের আশঙ্কা বাড়ছে। আর এই অবস্থায় দিল্লি পুলিশ নতুন করে ফিরিয়ে আনল ‘সেল’। দুদশক আগে প্রথমবার যে সেলের জন্ম হয়েছিল। বাংলাদেশ সেল কী? নতুন সহস্রাব্দের শুরুতে দিল্লির প্রতিটি পুলিশ জেলায় এই ধরনের সেল তৈরি করা হয়েছিল। যার প্রাথমিক লক্ষ্যই ছিল দিল্লিতে বাংলাদেশি অনুপ্রবেশকারী শনাক্ত করা। এতদিন পরে ফের সেই সেলকে জাগিয়ে তোলা হয়েছে। বর্তমান পরিস্থিতিতে তা দিল্লির মতো মহারাস্ট্রেও একাধিক অবৈধ বাংলাদেশি অভিবাসী ধরা পড়ছে।

তাঁদের কাছেও জাল নথি মিলেছে বলেও খবর। দিল্লি পুলিশ সত্বে জানা গিয়েছে, অবৈধ অভিবাসী বাড়ছে। আর এই অবস্থায় দিল্লি বেশি বাংলাদেশিকে সে দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু হয়েছে। এই পরিস্থিতিতে দিল্লিতে অবৈধ অভিবাসী নিয়ে সম্প্রতি একটি নির্দেশিকা জারি করে দিল্লির লেফটেন্যান্ট গভর্নরের সচিবালয়। এরপর বাংলাদেশিদের খুঁজে বের করতে স্থানীয় থানাগুলির পুলিশকর্মী এবং অন্য আধিকারিকদের নিয়ে একটি বিশেষ দল গঠন করা হয়েছে। একেবারে সেলে থাকেন পাঁচ থেকে দশজন পুলিশকর্মী। প্রত্যেকেরই বাংলা ভাষায় দক্ষতা রয়েছে। সেই

সেলের নেতৃত্বে একজন করে পুলিশ ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর। আর সেজন্য অসমীয়া-বাংলালি পুলিশের মধ্যে নিয়মিত সংযোগ রয়েছে। এই সেলের কাজই যে সব অঞ্চলে অনুপ্রবেশকারী থাকার সম্ভাবনা সেখানে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে মেশা। আর সেভাবেই হাঁড়ির হাল বের করা। আপাতত এই সেলের সদস্যরা দিল্লির বিভিন্ন অঞ্চলে রীতিমতো মিশে গিয়ে তাঁদের কাজ করে চলেছেন বলেই খবর। এখনও পর্যন্ত দিল্লিতে প্রায় ১৭৫ জন বাংলাদেশিকে অবৈধ অভিবাসী সন্দেহে চিহ্নিত করেছেন পুলিশ। তাঁদেরকেও ওপারে ফেরানোর চেষ্টা হবে।

নিউ দিঘার হোটেল থেকে মহিলা পর্যটকের দেহ উদ্ধার

দূরন্ত বার্তা, দিঘা, ১ জানুয়ারি : বর্ষবর্ষের আনন্দের মাঝে মর্মান্তিক ঘটনা।। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য। তদন্তে দিঘা থানার পুলিশ। ময়নাতত্ত্বের জন্য দেহ নিয়ে যাওয়া হয় কাঁথি হাসপাতালো। পুলিশ জানিয়েছে, মৃতের নাম প্রীতি কাউর (১৯)। তিনি আসানসোলের উত্তর নারায়ণপুর এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, প্রীতি গত পরশু অর্থাৎ ৩০ ডিসেম্বর নিউ দিঘায় স্বামীর সঙ্গে ঘুরতে যান। হোটেলের কর্মীরা জানাচ্ছেন, বর্ষশেষের রাতেও স্বামী-স্ত্রী দুজনে একসঙ্গে মিলে হোটেল থেকে বেরিয়েছিলেন। রাতে ফিরেও আসেন। প্রাথমিক অনুমান, গত রাতে স্বামীর সঙ্গে মতবিরোধের জেরেই আত্মহত্যা হয়েছেন প্রীতি। সকালে ঘটনার পর নিউ দিঘার হোটেল থেকে প্রীতির রুলন্ত দেহ উদ্ধার হয়। হোটেলের তরফেই থানায় জানানো হয়। পুলিশ গিয়ে হোটেলের রুম থেকে দেহ উদ্ধার করে। দিঘা রাজ্য সাধারণ হাসপাতালে পাঠানো হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। দেহ কাঁথি মহকু মা হাসপাতালে ময়নাতত্ত্বের জন্য পাঠানো হয়েছে। স্বামীকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। কী কারণে এই ঘটনা, তা খতিয়ে দেখছে পুলিশ।

পিকনিকে প্রশাসনিক নির্দেশ

দূরন্ত বার্তা, নলহাটি, ১ জানুয়ারি : ১ জানুয়ারি বুধবার নলহাটি দুই নম্বর ব্লকের আকালীপুর নতুন বছর উপলক্ষ্যে বহু প্রাচীন মহারাজ নন্দকুমারের প্রতিষ্ঠিত গুহাকালী মন্দিরে সকাল থেকেই পূজো দেওয়ার ভিড় ও পিকনিকে মেতেছে এলাকাবাসী। তাদের পাশাপাশি বাইরে থেকে আসা বহু পর্যটকরা। আগে থেকেই হাইকোর্টের নির্দেশ অনুসারে বীরভূম জেলা পুলিশ ও নলহাটি থানার পুলিশের উদ্যোগে ওই পিকনিক স্পটে কোন ডিজে বন্ধ বাজানো যাবে না বলে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। সেই জন্য এবার কোন পিকনিক স্পটে ডিজে বাজ় ব্যবহার হচ্ছে না। এতে খুশি এলাকাবাসী , ব্যাসাধী থেকে মন্দির কর্তৃপক্ষরা। নতুন বছর উপলক্ষ্যে বসেছে ছোট মেলা। পিকনিক ও পূজো দিতে আসা পর্যটকদের মন্দির চত্বরে কোন অসুবিধার সম্ভূদ্বীন না হয় ও কোন অপ্রীতিভার ঘটনা যাত না ঘটে তার জন্য নলহাটি থানার লোহাপুর ক্যাম্পের পক্ষ থেকে প্রচুর পুলিশ ও সিভিক হলেন্টিয়ার্স মোতায়েন করা হয়েছে।

কলকাতার পর্যটকের মৃত্যু ডুয়ার্সে

দূরন্ত বার্তা, ডুয়ার্স, ১ জানুয়ারি : ইংরেজি নববর্ষের প্রথম দিনে মর্মান্তিক ঘটনার সাক্ষী থাকলো ডুয়ার্স। উত্তরবঙ্গের ডুয়ার্সে বেড়াতে এসে মৃত্যু হল এক পর্যটকের। প্রসঙ্গত জানা গেছে কলকাতার বেহালা নিবাসী পলি জানা (৪৬) পরিবার নিয়ে বেড়াতে এসেছিলেন ডুয়ার্সে। জলপাইগুড়ি জেলার মালবাজার মহকুমার মেটেলি ব্লকের বাতাবারি সংলগ্ন একটি আবাসে তারা উ ঠেই ছিলেন। পর্যটকদের ওই দলটি সম্প্রতি সিকিমে বেড়াতে গিয়েছিলেন। সিকিম থেকে ফিরে এসে অসুস্থ হয়ে পড়েন ওই মহিলা। মঙ্গলবার শারীরিক অবস্থা খারাপ হয়ে উন্নত ওই মহিলাকে মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসা হয়। কর্তব্যরত চিকিৎসক তৎক্ষণাত তাকে ভর্তি করে প্রয়োজনীয় চিকিৎসা শুরু করেন। বুধবার সকালে চিকিৎসা চলাকালীন অবস্থায় মৃত্যু হয় ওই মহিলার। মৃত্যুর খবর পেয়েই কান্নায় ডেঙে পড়েন পরিবারের সদস্য সহ পরিজনেরা। পর্যটক দলটির অন্য সদস্যরাও হাসপাতালে ছুটে আসেন। তবে দলটির কোনো সদস্যই কোনো মন্তব্য করতে চাননি। সূত্র মালফত জানা গেছে ওই মহিলার উচ্চ শরীরে জমিত রোগে আক্রান্ত ছিলেন। পরবর্তীতে যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করে হাসপাতাল থেকে স্থানীয় অ্যাম্বুলসে করে ওই মহিলার মৃতদেহ কলকাতার বাড়িতে নিয়ে যাওয়া হয়। বর্ষবর্ষের প্রথম দিনে মর্মান্তিক এই ঘটনায় শোকের ছায়া নেমে আসে ডুয়ার্সের পর্যটকদের মধ্যে।

‘সিন্দুর আন্দোলন লোকাল’ ট্রেন আজ থেকে বন্ধ হয়ে গেল

দূরন্ত বার্তা, সিদ্ধুর, ১ জানুয়ারি : ‘সিন্দুর আন্দোলন’ কতটা ভালো বা খারাপ ছিল তা নিয়ে বিতর্ক আছে। কিন্তু সেই আন্দোলকে স্মরণে রাখতে মমতা বন্দ্যোপাধ্যায় রেলমন্ত্রী থাকাকালীন ২০০৯ সালে চালু করেছিলেন ‘সিন্দুর আন্দোলন লোকাল’। পূর্ব রেলের এক ঘোষণা অনুযায়ী আজ, ১



জানুয়ারি থেকে বন্ধ হয়ে গেলো সেই ট্রেন। বসে নেই তৃণমূল। বোচারম মামার নেতৃত্বে এর প্রতিবাদে বুধবার সকাল থেকেই শুরু হয়েছে আন্দোলন। আচমকা সেই ট্রেন বন্ধ করার সিদ্ধান্ত নেয় রেল। আর তাতেই আপত্তি সিদ্ধুবাসীর। বোচারম মামা বলেন, এই ট্রেন সিদ্ধুবাসীর আরেগের সঙ্গে জড়িয়ে আছে। বহু মানুষ এই ট্রেনের জন্য উপকৃত হন, এই ট্রেন পুনরায় চালু করার দাবি জানাচ্ছি। রেল না মানলে, বৃহত্তর আন্দোলনের পথে যাবেন বলেও জানিয়েছেন তিনি। তিনি বলেন, তাদের প্রতিবাদ আন্দোলন চলবে। কিন্তু অন্য কোনো ট্রেন তারা বন্ধ করবে না। ভৌগোলিকভাবে সিদ্ধুরের অবস্থান এমন জায়গার, যে স্টেশন দিয়ে ৫২ টি গ্রামের মানুষ বাতায়াত করে। ফলে ওই লোকাল ট্রেনে প্রচুর মানুষ যাতায়াত করেন বলেই জানিয়েছেন কৃষিমন্ত্রী। তবে রেল সূত্রে খবর নিয়মিত যাত্রী না হওয়ায় ওই ট্রেন চালিয়ে রেলের অনেক ক্ষতি হচ্ছিল। মন্ত্রীর দাবি, পূর্ব রেল চক্রান্ত করে বন্ধ করেছে। তবে বিক্ষোভ দেখালোও কোনও ট্রেন যাতে না আটকায়, তা নিশ্চিত করেছেন বোচারম মামা। এখন দেখার এই আন্দোলনের ফলে পূর্বরেল আবার ওই ট্রেন চালু করে কিনা।

বিজেপি দল দেখে বিরক্তি, ময়ূরেশ্বর ব্লকে ৩০ পরিবার তৃণমূলে যোগদান

দূরন্ত বার্তা, বীরভূম, ১ জানুয়ারি : বিজেপি দল দেখে বিরক্তি ও ঘৃণার কারণেই দলত্যাগ বলে মন্তব্য করলেন ময়ূরেশ্বর ২ নম্বর ব্লকের তৃণমূল কংগ্রেস সভাপতি প্রমদ রায়। বুধবার সকালেই কলেশ্বর গ্রাম পঞ্চায়েতে বিজেপি থেকে তৃণমূলে যোগ দিলেন ৩০টি পরিবার, যার মধ্যে উল্লেখযোগ্য হলেন বিজেপির প্রাক্তন পঞ্চায়েত প্রার্থী তনুশ্রী বাগদী। পঞ্চায়েত নির্বাচনে পদ্মফুল চিহ্নে প্রতিদ্বন্দ্বিতা করা তনুশ্রী বাগদী এদিন তৃণমূল কংগ্রেসে যোগদান করেন। যোগদান পর্বেটি সম্পন্ন হয় কলেশ্বর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস কার্যালয়ে, যেখানে তৃণমূলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত একটি অনুষ্ঠানে তাঁকে দলে স্বাগত জানানো হয়। প্রমদ রায় এই প্রসঙ্গে বলেন, বিজেপি দল দেখে মানুষ বিরক্ত ও হতাশ। তনুশ্রী বাগদীও সেই বিরক্তি থেকেই তৃণমূলে যোগ দিয়েছেন। বিজেপি কেবল দাবিভাজনের রাজনীতি করে, যা মানুষ আর মেনে নিচ্ছেন না। তৃণমূলের বাড়া অনুযায়ী, বিজেপি থেকে এই যোগদান পর্বে প্রায় ৩০টি পরিবার তৃণমূলে এসেছে, যা ব্লকে তৃণমূলের শক্তি আরও বৃদ্ধি করবে। তবে এই যোগদান প্রসঙ্গে বিজেপির রাজা সহ-সভাপতি শ্যামাপদ মণ্ডল জানান, আবাস যোজনার বাড়ি পাওয়ার জন্যই তনুশ্রী বাগদী তৃণমূলে যোগ দিয়েছেন। তৃণমূল কংগ্রেস মানুষকে ভয় দেখিয়ে দলবন্ডে বাধ্য করছে। এই যোগদান নিয়ে রাজনৈতিক উত্তেজনা তৈরি হয়েছে এলাকায়। একদিকে তৃণমূল কংগ্রেসের দাবি উন্নয়ন, অন্যদিকে বিজেপির অভিযোগ সুযোগসন্ধানী রাজনীতি।

পাসপোর্ট জালিয়াতিতে নদীয়া থেকে ধৃত আরও এক

দূরন্ত বার্তা, নদীয়া, ১ জানুয়ারি : পাসপোর্ট জালিয়াতি কাণ্ডে পুলিশ হেজাঙতে আরও এক। নতুন বছরের প্রথম দিনেই নদীয়ার মদনপুর থেকে একজনকে গ্রেপ্তার করে কলকাতা পুলিশ। এদিন বুধবারই তাঁকে আলিপুর আদালতে পেশ করা হবে। ধৃতের বাড়ি থেকে প্রচুর নথিও উদ্ধার হয়েছে বলে খবর। পুলিশ সূত্রে খবর, ধৃতের নাম ধীরেন ঘোষ। বয়স ৪৮ বছর। নদীয়ার চাকদহ থানা এলাকায় মদনপুরে বাড়ি ভাড়া নিয়ে থাকতেন তিনি। ইতিপূর্বে পাসপোর্ট কাণ্ডের চাই মনোজ গুপ্তাকে গ্রেপ্তার করে কলকাতা পুলিশ। তাঁকে জেরা করেই ধীরেনের শোঁজ মেলে। গোপন সূত্রে খোঁজখবর করে পরলা জানুয়ারি নদীয়ার বাড়িতে অভিযান চালায় পুলিশ। তাল্লাশির পর ধীরেনকে গ্রেপ্তার করা হয়। এদিনই কলকাতায় নিয়ে আসা হয় তাকে। আদালতে তোলা হবে তাকে। প্রসঙ্গত, হেহালায় ট্রাভেল এজেন্সির আড়ালে জাল পাসপোর্ট তৈরির পাশাপাশি মোটা টাকার বিনিময়ে চলত নকল আধার তৈরির কারবারও। আর সেই কারবারের মাথাকে চাঁদপাড়া থেকে গ্রেপ্তার করে কলকাতা পুলিশ। পাসপোর্ট কাণ্ডে সেটা সপ্তম গ্রেপ্তারী। ধৃতকে জেরা করেই নদীয়ার ধীরেনের খোঁজ মেলে। এটা অষ্টম গ্রেপ্তারী। তাকে জেরা করে চক্রের আরও গভীরে পৌঁছানোর চেষ্টা করছেন তদন্তকারীরা।

বিদেশি ডলার পাইয়ে দেওয়ার লোভে প্রতারিত, গ্রেফতার দুই ব্যক্তি

দূরন্ত বার্তা, ব্যারাকপুর, ১ জানুয়ারি : টাকার বিনিময়ে বিদেশি মুদ্রা পাইয়ে দেওয়ার নামে প্রতারণার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে বীজপুর থানার পুলিশ। ধৃতরা হল রাজু বিশ্বাস ও আফতাব করাদি। রাজুর বাড়ি মুর্শিদাবাদ জেলার বহরগুদে এবং আফতাবের বাড়ি বেলালপুর। পুলিশ যত্নে জানা গেছে, গত মঙ্গলবার মদনপুরে বাড়ি মণ্ডল বাজার এলাকায় নদীয়া জেলার তাঁত শিল্পী আকবর শেখকে বিদেশি মুদ্রা দেওয়ার লোভ দেখিয়ে ডেকে পাঠানো হয়। এক লাখ টাকার বিনিময়ে তাঁকে সউদি আরবের একটি মুদ্রা ও টিনের কয়েন দিয়ে এলাকা ছাড়ানো হয়। কিছুক্ষণ পরে আকবর শেখ বুঝতে পারেন যে তিনি প্রতারিত হয়েছেন এবং বীজপুর থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করে এবং দুজনকে গ্রেফতার করে। ধৃতদের কাছ থেকে নগদ ৪৮ হাজার টাকা, টিনের কয়েন তৈরির কাঁচি এবং অন্যান্য সরঞ্জাম উদ্ধার করা হয়। পুলিশের কাছে অভিযুক্তদের কাছে থাকা সামগ্রী ও উদ্ধারকৃত টাকা তাদের প্রতারণার অপরাধে জড়িত থাকার প্রমাণ। পুলিশ বর্তমানে এই চক্রের অন্য কোনো সদস্যের সম্পর্কে তথ্য সংগ্রহ করছে এবং ধৃতদের আদালতে পাঠানোর প্রক্রিয়া সম্পন্ন করেছে।

নাবালিকা ছাত্রীকে ধর্ষণ! কেরলে শিক্ষককে ১১১ বছরের সাজা

কেরল, ১ জানুয়ারি : কেরলে নাবালিকা ছাত্রীকে বাড়িতে ডেকে ধর্ষণের অভিযোগে নজিরবিহীন সাজা হল এক গৃহশিক্ষকের। ১১১ বছরের কারাদণ্ডের পাশাপাশি জরিমানা হয়েছে অভিযুক্তের। অনাদায়ে কারাদণ্ডের মোয়াদ আরও বাড়তে পারে বলেও জানিয়েছে আদালত। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মূল ঘটনাটি ২০১৯ সালের তিক্তঅনন্তপুরমের। একদশ শ্রেণির ছাত্রীকে বিশেষ ক্লাসের নামে বাড়িতে ডেকে ধর্ষণের অভিযোগ ওঠে টিউশন শিক্ষকের বিরুদ্ধে। এমনকী অভিযুক্ত ধর্ষণের ঘটনার ভিডিও রেকর্ড করেছিলেন নিজের মোবাইলে। টিউশন দেওয়ার পাশাপাশি সরকারি চাকুরে অভিযুক্ত। ওই ঘটনার পর ছাত্রী টিউশনে যাওয়া বন্ধ করলে তার ছবি এবং ভিডিও সমাজমাধ্যমে পোস্ট করে দেন অভিযুক্ত। যা ভাইরাল হয়ে যায়। ছাত্রীর পরিবারের অভিযোগ পেয়ে শিক্ষককে গ্রেপ্তার করে পুলিশ। অন্যদিকে নাবালিকা ছাত্রীকে ধর্ষণের কথা জানতে পেরে অভিযুক্তের স্ত্রী আত্মহত্যা হন। পাঁচ বছর ধরে এই মামলার সুনামি চলে। শেষ পর্যন্ত তিক্তঅনন্তপুরমের ফাস্ট ট্র্যাক আদালত অভিযুক্তকে দেহাী সাবাস্ত করে। ১১১ বছরের কারাদণ্ডের পাশাপাশি অভিযুক্তকে ১.০৫ লক্ষ টাকা জরিমানাও দিতে বলা হয়েছে। অনাদায়ে বাড়িতে সাজার মোয়াদ।

টলি-বলি

‘জংলি’ ছবির চিত্রনাট্য লিখেছেন যৌথভাবে কলকাতার সুকৃতি সাহা ও মেহেদী হাসান

চলচ্চিত্রে সিয়াম ছয় বছর খাবি করেছেন। এ সময়ে ১৪টি চলচ্চিত্রে অভিনয় করেছেন। ২০২৩ সালে এই তারকার সবশেষ ছবি ‘মুজিব একটি জাতির রূপকার’ মুক্তি পায়। এরপর আর তাকে কোনো চলচ্চিত্রে দেখা যায়নি। গত বছর চলচ্চিত্রে দেখা যায়নি। গত বছর মুক্তির কথা থাকলেও শেষ পর্যন্ত তা হয়নি। তবে এ বছর ছবিটা মুক্তি পাবে, এমনটাই নিশ্চিত করেছেন প্রযোজনা প্রতিষ্ঠান ও পরিচালক। এদিকে সিয়াম জানিয়েছেন, ছবির চরিত্র হয়ে উঠতে তাকে কঠোর পরিশ্রম করতে হবে। চরিত্রটি নিজের ভিষণ ভালোবাসার বশেই এমন ভাগ্য স্বীকার করেছেন বলেও জানান এই তারকা। ২০২৪ সালের শুরুতে শুটিং শুরু হয় এন রাহিম পরিচালিত ‘জংলি’ ছবির। গত বছর প্রেক্ষাগৃহে যখন ঈদুল



ফিতরের ছবি নিয়ে মাতামাতি, টিক তখনই ছবিটির ফার্স্ট লুক পোস্টার

আসে। প্রযোজনা প্রতিষ্ঠান থেকে তখনই জানানো হয়, সিয়াম

অভিনীত ছবিটি ঈদুল আজহায় মুক্তি পাবে। শেষ পর্যন্ত শুটিং শেষ করতে না পারায় ছবিটি মুক্তি দেওয়া সম্ভব হয়নি। বছর শেষ হয়ে এলেও মুক্তির কোনো খবর দিতে পারেননি এই ছবি সংশ্লিষ্ট ব্যক্তারা। এদিকে পরিচালক এম রাহিম সূত্রে জানা গেছে, শিগগিরই ছবিটি মুক্তির তারিখ ঘোষণা করা হবে। চমকের মাধ্যমে সেই ঘোষণা করতে চান পরিচালক।

এ ছবিতে সিয়ামের বিপরীতে অভিনয় করেছেন শরম্ন বুবলী ও প্রার্থনা ফারদিন দীখি। ‘জংলি’ ছবির গল্প লিখেছেন আজাদ খান, চিত্রনাট্য করেছেন যৌথভাবে কলকাতার সুকৃতি সাহা ও মেহেদী হাসান। ছবিতে নিজের চরিত্রটি প্রসঙ্গে সিয়াম ফেসবুকে লিখেছেন, ‘অভিনেতাদের জীবনে মাঝে মাঝে এমন চরিত্র আসে, যার কারণে সে

নিজের সর্বস্ব দিয়ে দিতে রাজি হয়ে যায়। “জংলি আমার জীবনে তেমনই এক চরিত্র হয়ে এসেছে এ বছর। হয়তো চুল-দাড়ি কাটিনি। এক বছর চরিত্রটাকে আগলে ধরে রেখেছি। কারণ, চরিত্রটাকে যাপন করতে চেয়েছি, দর্শকদের নতুন কিছু উপহার দিতে চেয়েছি। আমি চেষ্টা করেছি, বাকিটা দর্শকের হাতে।’ফেলে আসা বছর প্রসঙ্গে গতকাল ৩১ ডিসেম্বর সিয়াম ফেসবুকে লিখেছেন, ‘এ বছরের সবটুকু যার নামে করে দিয়েছি, সেই “জংলি নিয়ে আসছি আগামী বছর। আপনারা সিনেমা হলে আসবেন, আমাদের গোট্টা টিমের প্রচণ্ড ভালোবাসা ও কষ্টের “জংলি দেখবেন সিনেমা হলে বসে, এটাই আমার কামনা।’

৫ কোটি ভিউ, ‘কিশোরী’ শুনে কী বলছেন শ্রোতারা



‘খাদান’ সিনেমা মুক্তিরও প্রায় দুই সপ্তাহ আগে প্রকাশিত হয়েছে ‘কিশোরী’ গানটি প্রকাশের পর শ্রোতাদের মধ্যে সাদা ফেলেছে। গত ৫ ডিসেম্বর প্রকাশিত গানটিতে ‘লিপ সিং’ করেছেন টলিগঞ্জের অভিনেতা দেব ও ইধিকা পালা। ‘কিশোরী’ গেয়েছেন রথিজিং ভট্টাচার্য ও অন্তরা মিত্র। সুর করেছেন করেছেন রথিজিং। কথা লিখেছেন স্বতম সেনা। মুক্তির চার সপ্তাহের ব্যবধানে সুবিশ্বের ফিল্মসের ইউটিউব চ্যানেলে পাঁচ কোটির বেশিরবাবর দেখা হয়েছে। ইউটিউবের বাইরে ইনস্টাগ্রামেও ট্রেন্ডিংয়ে রয়েছে গানটি। ইউটিউবে এখন পর্যন্ত প্রায় ৩১ হাজারের বেশি মন্তব্য জমা পড়েছে। সুদীপ্ত নামের এক শ্রোতা লিখেছেন,

‘প্রেমের জোয়ারে দুকূল ভেসেছে’ এই একটা লাইনের জন্য গানটি হিট হয়ে গেল।’ আরেক শ্রোতা লিখেছেন, ‘গানটা নেশায় পরিণত হয়ে গেল।’ গানে দেব ও ইধিকার রসায়নের প্রশংসা করছেন কেউ কেউ। জেসমিন আজার নামের আরেক শ্রোতা লিখেছেন, ‘দেব ও ইধিকা দুজনই তাঁদের বেস্টটা দিয়েছেন। এ জন্যই আমরা এত সুন্দর একটি গান পেয়েছি।’ ‘খাদান’ ছবিটি ২০ ডিসেম্বর মুক্তি পেয়েছে। ছবিতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন দেব ও শিশু। আরও আছেন অনিবার্ণ চক্রবর্তী, বরখা বিস্তু, ইধিকা পাল, মেহা বসু, জন নামের এক শ্রোতা লিখেছেন,



বুধবার ছিল তৃণমূল কংগ্রেসের ২৮ তম প্রতিষ্ঠা দিবস। সেই উপলক্ষে কাকদীপ সুপার স্পেশালিটি হাসপাতালে অপুষ্টিকর শিশু ও সমস্ত রোগীদের মধ্যে ফল বিতরণ এবং তাদের শারীরিক খোঁজ খবর সহ এবং তাদের দ্রুত আরোগ্য কামনা করলেন প্রাক্তন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী তথা কাকদীপ বিধানসভার বিধায়ক মন্সুরাম পাথির।

ভুসবল ও গুয়াহাটির মধ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ভারত গৌরব ট্রেন কয়েকটি ট্রেনের সময়সূচিতে সংশোধন

মালিগাঁও, ০১ জানুয়ারিঃ উত্তর পূর্ব ভারতে পর্যটন প্রচারের জন্য ভারতীয় রেলওয়ের পক্ষ থেকে ভুসবল ও গুয়াহাটির মধ্যে ভারত গৌরব ট্রেন চালানো হবে। ট্রেন নং. ০০১৩১ ০১ জানুয়ারি, ২০২৫ তারিখের ০৮.০০ ঘট্টায় ভুসবল থেকে যাত্রা শুরু করে ৩ জানুয়ারি, ২০২৫ তারিখের ০৭.৩০ ঘট্টায় গুয়াহাটি পৌঁছবে। ফের যাত্রার সময় ট্রেনটি গুয়াহাটি থেকে ৪ জানুয়ারি, ২০২৫ তারিখের ১৮.৩০ ঘট্টায় রওনা দিয়ে ৭ জানুয়ারি, ২০২৫ তারিখের ০৩.৪০ ঘট্টায় ভুসবল পৌঁছবে। উভয় পথে যাত্রার সময় ট্রেনটি বিদিশা, মালিকপুর, বারাদুনি, কাটিহার, নিউ জলপাইগুড়ি, নিউ বগুইগাঁও হয়ে চলাচল করবে। এই ভারত গৌরব স্পেশাল ট্রেনটির লক্ষ্য হলো ভারতবর্ষের সাংস্কৃতিক বৈচিত্র্য ও ঐতিহ্য উদ্‌যাপনের দ্বারা অন্বা অমণ অভিজ্ঞতা প্রদান করা। এছাড়াও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে যাত্রীদের উন্নত সুবিধার জন্য নিচের বিবরণ অনুযায়ী কয়েকটি ট্রেনের সময়সূচি



সংশোধন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ট্রেন নং. ০৫৬৩৮ শিলচর-নাহরলাগুন এক্সপ্রেস ৬ জানুয়ারি থেকে ৩১ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত প্রত্যেক সোমবার করে শিলচর থেকে ১৩.১০ ঘট্টায় রওনা দিয়ে পরের দিন ০৮.৪০ ঘট্টায় নাহরলাগুন পৌঁছবে। ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০৫৬৩৭ নাহরলাগুন-শিলচর এক্সপ্রেস ৭ জানুয়ারি থেকে ১ এপ্রিল, ২০২৫ তারিখ পর্যন্ত প্রত্যেক মঙ্গলবার করে নাহরলাগুন থেকে ১০.০০ ঘট্টায়

রওনা দিয়ে পরের দিন ০৫.২০ ঘট্টায় শিলচর পৌঁছবে। উভয় পথে যাত্রার সময় ট্রেনটি নিউ হাফলং, লামডিং, ডিমাপুর, মরিয়নি, নিউ তিনালকুরা, খোমাজি, হারমুতি হয়ে চলাচল করবে। একইভাবে, ট্রেন নং. ০৫৬২৮ আগরতলা-গুয়াহাটি স্পেশাল ২ জানুয়ারি থেকে ২৭ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার করে আগরতলা ৭ জানুয়ারি থেকে ১ এপ্রিল, ২০২৫ তারিখ পর্যন্ত প্রত্যেক মঙ্গলবার করে নাহরলাগুন থেকে ১০.০০ ঘট্টায়

নং. ০৫৬২৭ গুয়াহাটি-আগরতলা স্পেশাল ৩ জানুয়ারি থেকে ২৮ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত প্রত্যেক শুক্রবার করে গুয়াহাটি থেকে ১৩.১৫ ঘট্টায় রওনা দিয়ে পরের দিন ০৪.১০ ঘট্টায় আগরতলা পৌঁছবে। উভয় পথে যাত্রার সময় ট্রেনটি আন্বাসা, নিউ করিমগঞ্জ, নিউ হাফলং, লামডিং ও চাপরমুখ হয়ে চলাচল করবে।

বিশেষ পরিষেবা চালু করা এবং পরিচালনা অনুকূল করার মাধ্যমে যাত্রীদের অভিজ্ঞতা বৃদ্ধির জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে প্রতিশ্রুতিবদ্ধ। যাত্রীদের এই পরিষেবার সুবিধা গ্রহণ করে আরামদায়ক ভ্রমণ উপভোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। আরও তথ্য জানার জন্য যাত্রীরা অফিসিয়াল ওয়েবসাইট দেখতে পারেন অথবা নিকটবর্তী রেলওয়ে স্টেশনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত আপডেট ও তথ্যের জন্য রেলওয়ের উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্ম দেখার অনুরোধ জানানো হচ্ছে।

ইউরোপে বন্ধ হয়ে গেল রাশিয়ার গ্যাস রপ্তানি

রাশিয়া থেকে ইউক্রেন হয়ে ইউরোপে যাওয়া সোভিয়েত যুগের পাইপলাইন দিয়ে রাশিয়ার প্রাকৃতিক গ্যাস রপ্তানি বন্ধ হয়ে গেছে। পরিবহন সংক্রান্ত চুক্তির মেয়াদ শেষ হওয়ায় আজ বুধবার নতুন বছর শুরুর কয়েক ঘণ্টার মধ্যেই রপ্তানি বন্ধ হয়ে যায়। গ্যাসের প্রবাহ চালু রাখতে চুক্তিতে পৌঁছাতে ব্যর্থ হয়েছে যুদ্ধরত রাশিয়া ও ইউক্রেন।

রাশিয়া ও ইউক্রেনের মধ্যে পাঁচ বছর মেয়াদি গ্যাস পরিবহন চুক্তির মেয়াদ আজ বুধবার দিনের শুরুতে শেষ হয়। তবে এ ব্যাপারে তাৎক্ষণিক কোনো মন্তব্য জানাননি ইউরোপ। রাশিয়ার রাষ্ট্রায়ত্ত্বাখালি কোম্পানি এক বিবৃতিতে বলেছে, ‘ইউক্রেন এসব চুক্তি নবায়ন করার বিষয়টি বারবার এবং স্পষ্টভাবে প্রত্যাখ্যান করায় ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে দেশটির ভূখণ্ড ব্যবহার করে গ্যাস সরবরাহের কৌশলগত ও আইনি সমস্মতা থেকে বঞ্চিত হচ্ছে গাজপ্রম।’ বিবৃতিতে আরও বলা হয়, ‘মস্কোর স্থানীয় সময় সকাল আটটা থেকে ইউক্রেনের ভূখণ্ড দিয়ে ইউরোপে পরিবহনের জন্য রাশিয়ার কোনো গ্যাস সরবরাহ করা হয়নি।’ ইউক্রেনের জ্বালানিমন্ত্রী জার্মান গালুশ্চেকেরা বলেছেন, জাতীয় নিরাপত্তার স্বার্থে ইউক্রেনের ভেতর দিয়ে রুশ গ্যাস পরিবহন বন্ধ করা হয়েছে। ইউক্রেন বর্তমানে রাশিয়া থেকে পরিবহন ফি বাবদ বছরে ৮০ কোটি ডলার লোকসান করছে। গাজপ্রম গ্যাস বিক্রিতে প্রায় ৫০০ কোটি ডলার হারাতে পারে। ২০১৪ সালে রাশিয়া ইউক্রেনের ক্রিমিয়া অঞ্চলের নিয়ন্ত্রণ নিয়ে নেওয়ার পর দুই দেশের মধ্যে এক দশক ধরে বিপর্যস্ত সম্পর্কের অবসান ঘটে। ফলে বন্ধ হয়ে যায় ইউরোপে পরিবহনের জন্য রাশিয়ার প্রাচীনতম গ্যাস রুটটি।

২০১৪ সালের পর থেকে রাশিয়া থেকে গ্যাস কেনা বন্ধ করে দেয় ইউক্রেন। ইউক্রেনের জ্বালানিমন্ত্রী এক বিবৃতিতে বলেন, ‘আমরা রাশিয়ার গ্যাস পরিবহন বন্ধ করে দিয়েছি। এটি একটি ঐতিহাসিক ঘটনা। রাশিয়া তাদের বাজার হারাচ্ছে। তারা আর্থিক লোকসানে ভুগছে। ইউরোপ এইই মধ্যে রুশ গ্যাস থেকে মুখ ফিরিয়ে নেওয়ার ঘোষণা করেছে।’ ২০২২ সালের ফেব্রুয়ারিতে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে সর্বশক্তি যুদ্ধ শুরু হয়।

নববর্ষ পালন করা নিয়ে মানুষের ওপর একটি সাদা রঙের ট্রাক নিয়ে হামলা

নাইটলাইফের জন্য খ্যাতি রয়েছে যুক্তরাষ্ট্রের নিউ অরলিস শহরের বুর্বোন স্ট্রিটের। বুধবার নতুন খ্রিষ্টীয় বর্ষবরণের আনন্দোৎসবে মুখর মানুষ। এমন সময় ওই স্ট্রিটে ছুটে আসে একটি ট্রাক। সেটি তুলে দেওয়া হয় উৎসবরত মানুষের ওপর। এতে ঘটনাস্থলেই অন্তত ১০ জনের মৃত্যু হয়। আহত হয়েছেন আরও অন্তত ৩৫ জন।

এ ঘটনাকে ‘সন্ত্রাসবাদী কর্মকাণ্ড’ হিসেবে দেখছে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই। তাদের দেওয়া তথ্যমতে, সন্দেহভাজন হামলাকারীও নিহত হয়েছেন। বুধবার রাতেই নিউ অরলিস শহরে ‘দ্য সুগার বোল’ নামে পরিচিত বার্ষিক কলেজে ফুটবল খেলার আয়োজন চলছিল। এ বছর এই প্রতিযোগিতায়া ছিল ইউনিভার্সিটি অব জর্জিয়া এবং ইউনিভার্সিটি অব নর্টর ডেম দল। এ উপলক্ষে সারা দেশ থেকে আগ্রহী ব্যক্তিত্বা ওই শহরে জড়ো হয়েছিলেন। তার মধ্যেই এই হামলার ঘটনা ঘটল।

পুলিশ বলেছে, হামলাকারী ট্রাকচালক যে হত্যাকাণ্ডে ঘটিয়েছেন, তা তিনি যেকোনো ভাবে করতে চেয়েছিলেন। তিনি পুলিশ কর্মকর্তাদের দিকে গুলিবর্ষণও করেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সূত্রের মার্কিন সংবাদমাধ্যম জানিয়েছে, ঘটনাস্থল থেকে একটি বড় বন্দুক উদ্ধার করেছেন তদন্তকারীরা। নববর্ষবরণের উৎসব কীভাবে একটি ভয়াবহ পরিস্থিতিতে রূপ নিল, তার বর্ণনা দিয়েছেন প্রত্যক্ষদর্শীরা। ঘটনার পরপর কেভিন গার্সিয়া নামের এক প্রত্যক্ষদর্শী সংবাদ মাধ্যমকে বলেন, ‘আমি দেখলাম, বুর্বোনে ফুটপাথের বাঁ দিকে সবার ওপর দিয়ে একটি ট্রাক উঠে যাচ্ছিল। একটি দেহ উড়ে আমার দিকে এল।’ তা ছাড়া



আগ্নেয়াস্ত্র থেকে গুলিবর্ষণের শব্দও শুনেছেন বলে জানান তিনি। আরেক প্রত্যক্ষদর্শী ২২ বছর বয়সী হিট ডেভিস বলেন, তিনি যখন বুর্বোন স্ট্রিটের একটি নাইটক্লাব থেকে বেরিয়ে যাচ্ছিলেন, সে সময় এ ঘটনা ঘটে।

ডেভিস বলেন, ‘সবাই চিংকার ও আতর্নাদ শুরু করেন এবং পেছন দিকে দৌড়াতে থাকেন।

তখন আসলে আমরা কিছুক্ষণের জন্য আটকে পড়েছিলাম। তারপর পরিস্থিতি শান্ত হয়ে এলেও তাঁরা (ক্লাবের কর্মী) আমাদের বের হতে দিচ্ছিলেন না। যখন তাঁরা আমাদের ক্লাব থেকে বের হতে দিলেন, তখন পুলিশ দেখিয়ে দিল, কোন জায়গা দিয়ে হেঁটে যেতে হবে। পুলিশ আমাদের দ্রুত এলাকা ত্যাগ করতে বলল। আমি কয়েকটি মৃতদেহ দেখলাম, সেগুলো তখনো কাপড় দিয়ে ঢাকাও হয়নি। এ সময় বহু মানুষ প্রাথমিক চিকিৎসা চাইছিলেন।’ পুলিশ ঘটনাস্থলে উপস্থিত লোকজনকে তাঁদের ফোন রেখে যত দ্রুত সম্ভব এলাকা ত্যাগ করতে বলেছিল বলেও জানান ডেভিস।

ইংরেজি নববর্ষে পর্যটকদের ঢল, জমজমাট বকখালি

দুরন্ত বার্তা, বকখালি, ১ জানুয়ারিঃ বছরের প্রথম দিনেই পর্যটকদের ভিড়ে জমজমাট হয়ে উঠল বকখালি পর্যটন কেন্দ্র। পিকনিক গ্রাউন্ড থেকে শুরু করে সমুদ্র সৈকত সর্বত্রই ছিল উৎসবের আমেজ। ইংরেজি নববর্ষ উদ্‌যাপন করতে পর্যটকদের সমাগমে এক ভিন্ন মেজাজে রঙিন হয়ে উঠেছিল এই পর্যটন কেন্দ্র। নাচ, গান, খাওয়া-দাওয়া থেকে করে সমুদ্র স্রোনে মত্ত ছিলেন আগত পর্যটকরা। বছরের প্রথম দিনে এবার শীতের মরশুমের সর্বোচ্চ পর্যটক সমাগম বকখালিতে দেখা গিয়েছে। স্থানীয় বাবাসারীদের মতে, এই ভিড় তাঁদের জন্যও বাড়তি আয়ের সুযোগ করে দিয়েছে। এত বিপুল পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে মেতোসরে করা হয়েছে পর্যাপ্ত পুলিশ বাহিনী।

বকখালির প্রতিটি গুরুত্বপূর্ণ স্থানে পুলিশি নজরদারি চালানো হয়েছে। নিরাপত্তা ব্যবস্থার কারণে পর্যটকরাও সন্তুষ্ট। ইংরেজি নববর্ষ উপলক্ষে এমন জমজমাট বকখালি দেখেই বোঝা যায়, পর্যটনের ক্ষেত্রে এই কেন্দ্রটি ক্রমেই জনপ্রিয়তার শীর্ষে পৌঁছে যাচ্ছে।

উত্তর মহেশপুরে সেচের জল সম্প্রসারণ, কৃষকদের মধ্যে স্বস্তি

বঙ্গবাজার, ১ জানুয়ারিঃ ইংরেজি নববর্ষের প্রথম দিনটি কাঁচালিয়া রুকের উত্তর মহেশপুরের কৃষকদের জন্য সুখবর নিয়ে এসেছে। বুধবার থেকে শুরু হয়েছে সেচের জল সম্প্রসারণের কাজ। যা এলাকার কৃষকদের মধ্যে দীর্ঘ প্রতীক্ষিত এক স্বস্তির বার্তা নিয়ে এসেছে। পাইপলাইনের মাধ্যমে জমিতে অবিরাম জল পড়তে শুরু করেছে। যা কৃষকদের চাষিাল মেটাতে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। উত্তর মহেশপুরের তিন হাট ওয়ার্ডের কৃষক চন্দন মজুমদার, তপন দে ও খোকন দে জানান, ‘দীর্ঘ অপেক্ষার পর আজ আমরা পাইপ লাইনের মাধ্যমে সেচের জল পাচ্ছি। এখন আর কোন চিন্তা নেই। বোরো ধানের হালি বসানোর কাজ শুরু করতে পারব। যা আগে করা সম্ভব হয়নি। জানা গিয়েছে, এই কৃষি অঞ্চলে প্রায় দুই শত কানি জমি রয়েছে এবং বর্তমানে সব কৃষকই তডিঘাডি বোরো ধানের হালি বসানোর কাজে ব্যস্ত। দীর্ঘ সময় ধরে জল সংকটে কৃষকরা ধান চাষে

পিছিয়ে পড়ছিলেন। কিন্তু এখন সেই সংকট মিটে গেছে। তবে, এই জল সরবরাহের কাজ কিছুটা দেরিতে শুরু হয়েছে। এল আই দপ্তরের থেকে শুরু হয়েছে সেচের জল কাজ স্বগিত হয়ে যায়। প্রায় দেড় মাস আগে কাকরি নদীর পাশে এলআই প্রকল্পের যন্ত্রপাতি চুরি হয়ে যায়। যার ফলে কাজ শুরু হতে দেরি হয়।

যদিও পুলিশ চুরির ঘটনার তদন্ত শুরু করেছিল, তবে এখন পর্যন্ত চোরের হাতি পাওয়া যায়নি। সূত্রের দাবি, দপ্তরের ইঞ্জিনিয়ার নিতাই বর্মণের সক্রিয় ভূমিকার কারণে অবশেষে সেচের জল সম্প্রসারণের কাজ শুরু হয়। কৃষকরা এখন সেচের জলের সংকট থেকে মুক্ত হয়েছেন। এখন উত্তর মহেশপুরে কৃষকরা মাঠে নেমে বোরো ধানের হালি বসানোর কাজে ব্যস্ত হয়ে পড়েছেন। কৃষকদের মধ্যে উচ্ছ্বাস এবং আনন্দের পরিবেশ লক্ষ্য করা যাচ্ছে, কারণ এই জল সরবরাহ তাদের কৃষি কার্যক্রমের গতি বাড়িয়ে দেবে।

১০ বছরের ব্যবধানে কমেছে মিয়ানমারের জনসংখ্যা

মিয়ানমারের জনসংখ্যা ১০ বছর আগের তুলনায় কিছুটা কমেছে। দেশটি বলেছে, ২০২৪ সালের আদমশুমারি অনুযায়ী, জনসংখ্যা দাঁতিয়েছে ৫ কোটি ১৩ লাখে। রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। মিয়ানমারজুড়ে চলমান অস্থিরতা ও সংঘাতের মধ্যে প্রতিফলিত নির্বাচনের প্রভাবিত অংশ হিসেবে এই আদমশুমারি চালানো হয়েছে বলে জানিয়েছে সামরিক জাভা সরকার। ২০২৪ সালের অক্টোবরে এই আদমশুমারি করা হয়। এ বছর মিয়ানমারে জাতীয় নির্বাচন আয়োজনের পরিকল্পনা রয়েছে। ব্যাপকভাবে এটির নিন্দা জানিয়েছেন জাত্তাবিরোধীরা। জাত্তাপ্রধান মিন অং হ্লাইং রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে দেওয়া নববর্ষের ভাষণে বলেছেন, ‘আমি সফলভাবে একটি নিন্দা ও সুষ্ঠু নির্বাচন আয়োজনের চেষ্টা করছি, যা স্টেট অ্যাডমিনিস্ট্রেশন কাউন্সিলের মূল লক্ষ্য।’ মিয়ানমারে ২০২১ সালের শুরু থেকে অস্থিরতা চলছে।

Name Change
I, Khalek Molla S/o Kalu Molliya Residing at III, Uttar Kashiadanga, Bhangore, P.o - Protapnagar, P.s - Chandaneswar, District - Kolkata, Pin- 743330 West Bengal India shall henceforth be known as Abdul Khalek Molla. I declare that Khalek Molla and Abdul Khalek Molla is same and one identical person by virtue of an affidavit sworn before the Notary Public, Kolkata on 31-12-2024.

Name Change
I, Rishma S Chowdhury alias Rishma Sundaram Chowdhury (Old Name) W/o Sundaram Chowdhury and D/o- Tapan Kumar Ghosh Residing atAA-23 Prafulla Kanan West, Kestopur, North 24 Parganas, W.B- 700101India shall henceforth be known as Rishma Ghosh (New Name) as declared before the Learned Metropolitan Magistrate at Kolkata vide affidavit No 121 dated 03-06-2024.Rishma S. Chowdhury and Rishma Sundaram Chowdhury (Old Name) and Rishma Ghosh (New Name) all are same and oneidentical person.

Name Change
I, Md Parvez Ansari (old name) son of Abdul Rashid Ansari, residing at 6/1, Nil Madhab Sen Lane, P.O.- Chittaranjan Avenue, Kolkata- 700073, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Parvez Ansari (new name) as declared before the Notary public at Kolkata, dated 31/12/2024. Parvez Ansari (new name) and Md Parvez Ansari (old name) both are same and identical person.

Name Change
I,PARAMJEET SINGH, RESIDING AT 103/D DEBENDRA CHANDRA DEY ROAD, TANGRA, KOLKATA - 700015,WEST BENGAL. DO HEREBY INFORM THAT MY FATHER BEYANT SINGH ALSO KNOWN AS BHAIJI SINGH AND S. BAIJT SINGH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/12/2024.THAT BEYANT SINGH & KNOWN AS BAIJT SINGH AND S. BAIJT SINGH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I PRARTHANA BEGAM,W/O MIZANUR RAHAMAN,R/O 2ND-FR, FL-2D,105A, LAL MOHAN BHATTERJEE ROAD,VTC & PO ENTALLY, KOLKATA-700014,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS PRARTHANA BIBI.VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/21/2024,THAT PRARTHANA BEGAM AND PRARTHANA BIBI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I,SAJJAD ALAM (OLD NAME), S/O LATE MD MOHIUDDIN,RESIDING AT 73/8,TOPSIA ROAD,WARD NO. 66, PS-TILJALA, PIN-700039,WEST BENGAL, HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS MD SAJJAD ALAM (NEW NAME) AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/12/2024.SAJJAD ALAM (OLD NAME) AND MD SAJJAD ALAM (NEW NAME) BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,SHAIKH MONIRUDDIN ALI (OLD NAME), S/O LATE SK NADER ALI,RESIDING AT VILL-DURBACHATI,PO-BASHINAB CHAK, PS-KOLAGHAT,DIST-EAST MEDINIPUR PIN-721158,WEST BENGAL, HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS SK MANIRUDDIN ALI(NEW NAME) AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/12/2024.SHAIKH MONIRUDDIN ALI (OLD NAME) AND SK MANIRUDDIN ALI (NEW NAME) BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Brojen Biswas & Brajendranath Biswas (Old Name) S/O-Kunjibahiri Biswas residing at Vill-Chhitka, Po-Chhitka Daspara, Ps-Tehatta, Dist-Nadia, West Bengal, Pin-741163.I have change my new name to Brojendra Nath Biswas by notary public Berhampore court on 31/12/2024. My (New Name) Brojendra Nath Biswas & (Old Name) Brojen Biswas & Brajendranath Biswas both are same and one identical person.

Name Change
I, Sabari Roy Pande (Old Name) W/O-Kaushik Roy Residing at 13 Swarnamoyee Road, Berhampore, Dist-Murshidabad, West Bengal , Pin-742101.I have change my new name to Sabari Pande by notary public Berhampore court on 31/12/2024.My name Sabari Pande & Sabari Roy Pande both are same and one identical person.

Name Change
I, Banabani Dawa (Old Name) W/O-Subhasis Kumar Dawn residing at Ramsundar Munsli Lane, Khagra, Berhampore, Dist-Murshidabad, West Bengal, Pin-742103.I have change my new name to Banabani Basu Neogi Dawn by notary public Berhampore court on 31/12/2024. My name Banabani Basu Neogi Dawn & Banabani Dawa both are same and one identical person.

আইসিসির ক্রমতালিকায় রেকর্ড পয়েন্টে শীর্ষে বুমরাহ

দুবাই, ১ জানুয়ারিঃ দল হারলেও নিজের দাপট দেখাচ্ছেন জসপ্রীত বুমরাহ। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে চারটি টেস্টে ৩০টি উইকেট নিয়েছেন তিনি। দুই দল মিলিয়ে সর্বাধিক উইকেটের মালিক তিনি। আইসিসির ক্রমতালিকায় আগেই এক নম্বরে উঠেছেন বুমরাহ। এ বার সেই জায়গা আরও পাকা করেছেন তিনি। ভারতীয় বোলারদের মধ্যে সর্বাধিক রোটিং পয়েন্ট পেয়েছেন তিনি। এত দিন বুমরাহের রোটিং পয়েন্ট ছিল ৯০৪। রবিচন্দ্রন অশ্বিনেরও সমান পয়েন্ট ছিল। কিন্তু বুধবার প্রকাশিত আইসিসির নতুন তালিকায় বুমরাহের পয়েন্ট হয়েছে ৯০৭। তার ফলে অশ্বিনকে টপকে



গিয়েছেন তিনি। এখনও পর্যন্ত কোনও ভারতীয় বোলার টেস্টে এত রোটিং পয়েন্ট পাননি। ক্রিকেট ইতিহাসে বোলারদের মধ্যে সর্বাধিক রোটিং পয়েন্টের মালিক সিডনি বার্নস। ৯৩২ রোটিং পয়েন্ট ছিল তাঁর। ৯৩১ রোটিং পয়েন্ট পেয়েছিলেন জর্জ লোম্যান। তবে প্রায় ১০০ বছর আগে তাঁর এই কীর্তি করেছিলেন। পাকিস্তানের প্রাক্তন অধিনায়ক ইমরান খান ৯২২ ও শ্রীলঙ্কার প্রাক্তন স্পিনার মুখািয়া মুরলিধরন ৯২০ পয়েন্ট পেয়েছিলেন। বুমরাহের উপরে রয়েছে তাঁরা। মেলবোর্নে দুই ইনিংস মিলিয়ে ন’টি উইকেট নিয়েছেন বুমরাহ। প্রথম ইনিংসে ৯৯ রান দিয়ে ৪ উইকেট নিয়েছেন তিনি। দ্বিতীয় ইনিংসে আরও ভয়ঙ্কর হয়ে ওঠেন বুমরাহ। তিনি ৫৭ রান দিয়ে ৫ উইকেট নিয়েছেন। টেস্টে ২০০ উইকেট নেওয়ার মাইলফলকও পার করেছেন তিনি। ৮৪৮৪ বলে ২০০টি টেস্ট উইকেট তুলে নিয়েছেন বুমরাহ। তাঁর থেকে কম বলে ২০০ উইকেট নিয়েছিলেন ওয়ারকার ইউনিস (৭৭২৫), জেলে স্টেন (৭৮৪৮) এবং কাগিসো রাবাদা (৮১৫৩)। ২০২৪ সালে ১৩ টেস্টে ৭১টি উইকেট নিয়েছেন বুমরাহ। তাঁর নাম লেখা হয়েছে মেলবোর্নের ‘অনার বোর্ডে’। আসলে বর্ডার-গাভাসকার ট্রফিতে আগুনে ফর্মে বুমরাহ। সিরিজের চার টেস্টে ৩০ উইকেট তুলে নিয়েছেন তিনি। প্রথম টেস্টে অজিদের কার্যত বুমরাহর একার কাছেই হারতে হয়েছে। এই আগুন ফর্মেরই পুরস্কার পেয়েছেন তিনি। সিডনি টেস্টে অবশ্য বুমরাহর কাছে আরও এক রেকর্ড ভাঙার হাতছানি রয়েছে। সিডনিতে তিনটি উইকেট পেলেই বর্ডার-গাভাসকার ট্রফির ইতিহাসে এক সিরিজ সর্বোচ্চ উইকেট সংগ্রাহক হয়ে যাবেন তিনি। টপকে যাবেন হরভজন সিংকে। ২০০০-০১ বর্ডার গাভাসকার ট্রফিতে দেশের মাটিতে হরভজন এক সিরিজেরই পেরেছিলেন ৩২ উইকেট। চলতি সিরিজের চার ম্যাচে বুমরাহ পেয়েছেন ৩০ উইকেট। অর্থাৎ শেষ টেস্টে মাত্র ৩ উইকেট পেলেই তিনি টপকে যাবেন হরভজনকে।

দায়িত্বজ্ঞানহীন ব্যাটিং, রানের খরা! সিডনিতে ঋষভকে বাদ দিচ্ছেন রোহিত?

সিডনি, ১ জানুয়ারিঃ চলতি বর্ডার-গাভাসকার ট্রফির পঞ্চম তথা শেষ ম্যাচটি আগামী ৩ জানুয়ারি থেকে সিডনিতে খেলা হবে। মেলবোর্নে টেস্ট ম্যাচে লঙ্কার হারের পর টিম ইন্ডিয়া এই সিরিজে ইতিমধ্যে পিছিয়ে পড়েছে। আশা করা হচ্ছে, সিডনি টেস্টে টিম ইন্ডিয়ার প্রথম একাদশে পরিবর্তন দেখা যেতে পারে। সূত্রের খবর, আগামী টেস্ট ম্যাচে নাও খেলতে পারেন টিম ইন্ডিয়ার উইকেটকিপার-ব্যাটার ঋষভ পন্থ। এই সিরিজে ঋষভ পন্থ খুব একটা ভাল পারফরম্যান্স করতে পারেননি। বেশ কয়েকটি জায়গায় তো পন্থের থেকে টিম ইন্ডিয়ার অনেক বেশি প্রত্যাশা ছিল। শেষ কয়েকটি খারাপ শট খেলে তিনি আউট হয়ে যান। টিম ইন্ডিয়ার সমর্থকরাও যারপরনাই হতাশ হয়ে পড়েন। মেলবোর্ন টেস্টেও সেই একই ঘটনার পুনরাবৃত্তি দেখা যায়। ট্রান্সি হেডের বলে তিনি আউট হয়ে যান।

সিরিজ শেষেই বোর্ডের প্রশ্নের মুখে পড়ার সম্ভাবনা গম্ভীর-রোহিতের, অশ্বিনের অবসর প্রসঙ্গও উঠবে

মুম্বই, ১ জানুয়ারিঃ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট সিরিজের মাঝেই অবসর নিয়েছিলেন রবিচন্দ্রন অশ্বিন। তিনি কি বাধ্য হয়েই এই সিদ্ধান্ত নিয়েছিলেন? অধিনায়ক রোহিত শর্মা এবং কোচ গৌতম গম্ভীরকে প্রশ্ন করতে পারে ভারতীয় ক্রিকেট বোর্ড। ঘরের মাঠে নিউ ইন্ডিয়াবির বিরুদ্ধে হারতে হয়েছিল ভারতকে। এ বার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে অ্যাডিলেড এবং মেলবোর্নে



টেস্টে ঋষভকে ড্রপ করা হতে পারে। এই সিরিজে ঋষভ পন্থ ব্যাট হাতে এখনও পর্যন্ত নজর কাড়তে পারেননি। চার ম্যাচে তাঁর ব্যাট থেকে মাত্র ১৫৪ রান বেরিয়ে এসেছে। ইতিমধ্যে তাঁর ব্যাটিং গড় ছিল ২২। এখনও পর্যন্ত তিনি

এমনকী, ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক রোহিত শর্মাও পন্থের এমন দায়িত্বজ্ঞানহীন শট নিয়ে বিরক্তি প্রকাশ করেন। এই ঘটনার পরই আশঙ্কা করা হচ্ছে, সিডনি একটাও হাফসেঞ্চুরি হাঁকতে পারেননি। এই পরিস্থিতিতে আশঙ্কা করা হচ্ছে, সিডনি টেস্টের প্রথম একাদশে তাকে নাও দেখতে পাওয়া যেতে পারে। যদিও এই ব্যাপারে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের পক্ষ থেকে এখনও পর্যন্ত কোনও আনুষ্ঠানিক বিবৃতি দেওয়া হয়নি। বর্ডার-গাভাসকার ট্রফির জন্য টিম ইন্ডিয়ার স্কোয়াডে ধ্রুব জুরেলকে রাখা হয়েছে। যদিও তিনি এখনও পর্যন্ত একটাই ম্যাচ খেলার সুযোগ পেয়েছেন। পার্থ টেস্টে তাকে খেলতে দেখা গিয়েছিল। তবে এই ম্যাচের দুই ইনিংসে ধ্রুব যথাক্রমে ১১ এবং ১১ রান করেছিলেন। যদিও অস্ট্রেলিয়া এ দলের বিরুদ্ধে তিনি যথেষ্ট ভাল পারফরম্যান্স করেন। সেখানে তিনি ৮০ এবং ৬৮ রানের ধামাকাধার ইনিংস খেলেছিলেন। যদি সিডনি টেস্ট ম্যাচে ঋষভ পন্থকে ড্রপ করা হয়, তাহলে ধ্রুব জুরেলকে প্লেয়িং ইলেভেনে সুযোগ দেওয়া হতে পারে।

অধিনায়ক হিসাবে নিজেই প্রমাণ করছেন। তিনি প্রথম টেস্টে নেতৃত্ব দিয়েছেন। ম্যাচ জিতেছে ভারত। বোলার হিসাবেও তিনি দলকে নেতৃত্ব দিচ্ছেন সামনে থেকে। মেলবোর্নে শুভমন গিলকে বাদ পড়তে হয় রোহিতের জন্য। তিনি ওপেন করতে নানেন। যে কারণে তিন নম্বরে খেলানো হয় লোকেশ রাহুলকে। তাই বাদ পড়েন শুভমন। এটা অনেকের পক্ষেই মেনে নেওয়া



হেরে যায় তারা। এই হারের জন্য প্রশ্নের মুখে পড়তে হচ্ছে রোহিত এবং গম্ভীরকে। সিরিজ শেষ হলে বোর্ডের কর্তারা তাঁদের ডেকে প্রশ্ন করতে পারে। সেই সঙ্গে যোগ হতে পারে অশ্বিনের অবসরের প্রশ্নও। রোহিত অবসর নিতে পারেন বলেও শোনা যাচ্ছে। ওপেনার হিসাবে রান পাচ্ছেন না তিনি। রোহিতকে ব্যাটার হিসাবে দলে জায়গা দেওয়া কঠিন হচ্ছে। অন্য দিকে, জসপ্রীত বুমরাহ

কঠিন হয়। ভারতের প্রথম ইনিংসের পর মার্ক গফ বলেছিলেন, ‘আমি যদি নির্বাচক হতাম, তা হলে রোহিতকে বলতাম, দ্বিতীয় ইনিংসে রান না পেলে তেমনাকে আর খেলতে হবে না। তুমি খুব ভাল ক্রিকেটার কিন্তু সিডনিতে জসপ্রীত বুমরাহ নেতৃত্ব দেবে।’ রোহিত ২০২৪ সালে ১৪টি টেস্ট খেলেছেন। ২৬টি ইনিংস খেলে করেছেন ৬১৯ রান। তাঁর গড়

২৪.৭৬। শতরান করেছেন দু’টি। অর্ধশতরান দু’টি। সেখানে শুভমন ২০২৪ সালে ১২টি টেস্ট খেলেছেন। ২২টি ইনিংস করেছেন ৮৬৬ রান। তাঁর গড় ৪৩.৬০। শতরান করেছেন তিনটি। অর্ধশতরানও তিনটি। অর্থাৎ, এই বছর রোহিতের থেকে শুভমন সব দিক থেকেই ভাল ফল করেছেন। তার পরেও রোহিতকে ভাল জায়গা ছেড়ে দিতে হয়েছে তখন ব্যাটারকে। অন্য দিকে, গম্ভীর কোচ হওয়ার পর থেকেই ভারতীয় দলের খারাপ ফর্ম শুরু হয়েছে। এক দিনের ক্রিকেটে হারতে হয়েছে শ্রীলঙ্কার বিরুদ্ধে। ঘরের মাঠে নিউ জিল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজ হেরেছে ভারত। পর পর দু’বার বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল খেলা দল এই বছর ছিটকে যাওয়ার মুখে। গত ১০ বছর ধরে বর্ডার-গাভাসকার ট্রফি ধরে রাখা ভারত এই বছর সেই ট্রফিও হারতে পারে। প্রশ্ন উঠছে গম্ভীরের দল এবং প্রথম একাদশ বেছে নেওয়া নিয়েও। তিনি কোচ হওয়ার পর পর অবসর নিয়ে নিলেন অশ্বিন। যদিও অভিজ্ঞ স্পিনারের অবসরে গম্ভীর দায়ী এমনটা শোনা যাচ্ছে না। বরং তাঁর সঙ্গে অশ্বিনের সম্পর্ক ভাল বলেই শোনা গিয়েছে। তবুও গম্ভীর এবং রোহিতকে বোর্ডের প্রশ্নের মুখে পড়তেই হবে। যদি না সিডনি টেস্ট জিতে কোনও ভাবে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠার রাস্তা খুলে ফেলতে পারে ভারত।

ইনস্টাগ্রাম পোস্টে জল্পনা, বর্ষবরণের রাতে অবসর নিলেন হিটম্যান? সিডনি টেস্টে ভারতের নতুন অধিনায়ক!

দুরন্ত বার্তা প্রতিবেদন

২০২৫ (২০২৫) সালের প্রথম দিন, নতুন একটি বছরের সূচনা। ইংরেজি ক্যালেন্ডার অনুযায়ী এক বছরের অধ্যায় শেষ হয়েছে, আরেকটি শুরু হয়েছে। তবে ২০২৪ (২০২৪) সাল ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক রোহিত শর্মার কাছে খুবই মিশ্র অভিজ্ঞতা নিয়ে এসেছে। তাঁর নেতৃত্বে ভারতীয় ক্রিকেট দল একদিকে যেমন টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছে, তেমনি অন্যদিকে টেস্ট ক্রিকেটে বেশ কিছু হতাশাজনক ফলাফলও তার সাথে ছিল। তবে, সব মিলিয়ে ২০২৪ সালকে রোহিত শর্মা যেভাবে বর্ণনা করেছেন, তা নজর কেড়েছে সোশ্যাল মিডিয়ায়। বর্ষবরণের রাতে ইনস্টাগ্রামে তিনি এমন একটি পোস্ট করেছেন, যা নিয়ে এখন তোলপাড় চলছে নেটপাড়া। রোহিত শর্মার ২০২৪ সালটা ছিল অত্যন্ত ঘটনাবল্য। টি-টোয়েন্টি বিশ্বকাপ জয় এবং টেস্ট সিরিজে খারাপ পারফরম্যান্স, দু’টি ভিন্ন মেকুর অভিজ্ঞতা সঞ্চয় করেছেন ভারতীয় অধিনায়ক। ৬। ডিসেম্বর রাতে রোহিত শর্মা ইনস্টাগ্রামে একটি পোস্ট করেন, যেখানে তিনি ২০২৪ সালকে ধন্যবাদ জানিয়েছেন। বিশেষভাবে তিনি উল্লেখ করেন, কেরিয়াবের উত্থান-পতন, মধুর

স্মৃতি আর কঠিন পরিস্থিতি তাঁকে অনেক কিছু শিখিয়েছে। এই পোস্টে রোহিত একটি হার্ট ইমোজি দিয়েছিলেন, যা তাঁর কৃতজ্ঞতার প্রকাশ। সোশ্যাল মিডিয়ায় এই পোস্টটি মুহূর্তেই ভাইরাল হয়ে যায়। এই পোস্টের পর থেকেই নানা



রকমের জল্পনা শুরু হয়ে যায়। অনেকেই মন্তব্য করতে শুরু করেন, এবং রোহিতের অবসর নিয়ে নানা মতামত প্রকাশ করতে থাকেন। এর মধ্যে কেউ কেউ আবার তাঁর ক্রিকেট ক্যারিয়ারের শেষ অধ্যায়ের সম্ভাবনাও উত্থাপন করেন। যদিও রোহিত নিজে কিছুই নিশ্চিত করেননি, তবে তাঁর পোস্ট নিয়ে নানা রকমের আলোচনা তুঙ্গে চলে গেছে। রোহিত শর্মার নেতৃত্বে ভারতীয় ক্রিকেট দল ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপে এক ঐতিহাসিক জয় অর্জন করেছে।

২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে দক্ষিণ আফ্রিকাকে ৭ রানে হারিয়ে শিরোপা জিতেছিল ভারত। এই জয়ে রোহিত শর্মার নেতৃত্বের প্রশংসা সারা দেশের বিভিন্ন কোণ থেকে উঠে আসে। তাঁর অধিনায়কত্বে ভারতীয় দল এক



শক্তিশালী, সুনির্দিষ্ট পরিকল্পনা অনুসরণ করেছিল, যা বিশ্বকাপে টিম ইন্ডিয়ার সফলতা এনে দেয়। ফাইনালে রোহিত নিজেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন, তাঁর ব্যাটিং এবং সিদ্ধান্ত গ্রহণে নেতৃত্ব দিয়েছেন দলকে। তবে, রোহিত শর্মার জন্য ২০২৪ সাল একদিকে যেমন আনন্দদায়ক ছিল, তেমনি দুঃখজনকও ছিল। টেস্ট ক্রিকেটে ভারতের পারফরম্যান্স প্রত্যাশা অনুযায়ী হয়নি। ভারতের মাটিতে কিছু সিরিজ জিতলেও, নিউজিল্যান্ডের বিরুদ্ধে ভারতের

টেস্ট দল ০-৩ ব্যবধানে হোয়াইটওয়াশ হয়ে যায়। এটি ভারতের জন্য একটি বড় ধাক্কা, কারণ ১২ বছর পর এমন কিছু ঘটেছিল যে, দেশের মাটিতে টেস্ট সিরিজ হারতে হয়েছে। রোহিত শর্মার অধিনায়কত্বেও সেখানকার ব্যর্থতা দলের জন্য একটি বড় পরীক্ষা হয়ে দাঁড়ায়। এছাড়া, রোহিত শর্মার ব্যাটিংয়ের ম্যাগেও কিছুটা খরা দেখা গিয়েছে। তিনি ২০২৪ সালে ১৪ টেস্ট ম্যাচে মাত্র ৬১৯ রান করেছেন, যা একজন ব্যাটারের জন্য খুবই কম। এই পারফরম্যান্স টিম ইন্ডিয়ার জন্য উদ্বেগজনক ছিল, এবং রোহিত নিজেও জানতেন যে, কিছু পরিবর্তন প্রয়োজন। ২০২৪ সালের শেষে, রোহিত শর্মা যেভাবে ২০২৪ সালকে ধন্যবাদ জানিয়েছেন, তা যেন একটি পুনরুদ্ধারের প্রক্রিয়া। তিনি একদিকে যেমন তাঁর অর্জনগুলিকে সম্মান জানিয়েছেন, তেমনি পরবর্তী পরিকল্পনাতেও মনোযোগী হয়েছেন। ২০২৫ সাল হয়ত তাঁর জন্য নতুন চ্যালেঞ্জ নিয়ে আসবে। তবে তিনি নিশ্চিতভাবেই জানেন, যত বাধাই আসুক, তিনি ও তাঁর দল নতুনভাবে উত্থান ঘটাতে প্রস্তুত। ২০২৫ সালেও তাঁর নেতৃত্বে টিম ইন্ডিয়া আরও নতুন কিছু সিরিজ জিতলেও, এমন আশা ক্রিকেটপ্রেমীদের।

পাননি পছন্দের ক্রিকেটার, বর্ডার- গাভাসকার ট্রফিতে ধাক্কা খেয়ে গুরু গম্ভীরের নিশানায় নির্বাচন কমিটি!



সিডনি, ১ জানুয়ারিঃ মেলবোর্নে টেস্টের পর ভারতের ড্রেসিংরুমের পরিশেষ বদলে গিয়েছে। বর্ডার গাভাসকার ট্রফিতে ভারতের টপ অর্ডার ব্যর্থ হওয়ার পর বেগে লাল হেড কোচ গৌতম গম্ভীর। সিরিজের আর একটি ম্যাচ বাকি। এই পরিস্থিতিতে জানা গিয়েছে, এ বারের বর্ডার গাভাসকার ট্রফির জন্য ভারতের সিনিয়র তারকা ক্রিকেটার চেতেশ্বর পূজারাকে চেয়েছিলেন গৌতম গম্ভীর। কিন্তু তাঁর দাবি মেনে

নেহনি নির্বাচন কমিটি। এক রিপোর্ট অনুযায়ী, মেলবোর্ন টেস্টে টিম ইন্ডিয়ার হারার পর মেজাজ হারিয়েছেন ভারতের হেড কোচ। স্পোর্টসমেনের কড়া বার্তাও দিয়েছেন গৌতি। এরই মাঝে জানা গিয়েছে তাঁর দেশে এ বারের বর্ডার গাভাসকার ট্রফির জন্য ভারতীয় স্কোয়াডে চেতেশ্বর পূজারাকে চেয়েছিলেন গৌতম গম্ভীর। কিন্তু নির্বাচকরা এ বিষয়ে সবুজ সংকেত দেননি। পছন্দের ক্রিকেটার না পাওয়ায় গৌতম বেগে গিয়েছেন। চেতেশ্বর পূজারা যথেষ্ট অভিজ্ঞ প্লেয়ার। বর্ডার গাভাসকার ট্রফিতে তাঁর অতীতের পারফরম্যান্সও ভালো। তাই গম্ভীর এ বারও তাকে চেয়েছিলেন। জানা গিয়েছে, নির্বাচকরা তাঁর সিদ্ধান্তকে আমল দেননি। ১০০টিরও বেশি টেস্ট ম্যাচ খেলা পূজারা দেশের হয়ে শেষ বার বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে খেলেছিলেন। যেখানে ভারতের টপ অর্ডার এ বারের অস্ট্রেলিয়া সফরে চূড়ান্ত ব্যর্থ বলে প্রমাণিত হচ্ছে, সেখানে পূজারা অস্ট্রেলিয়ার মাটিতে ৪৭.২৮ গড়ে ১১টি ম্যাচে ৯৯৩ রান করেছেন। তাই পার্থ টেস্টে ভারত জেতার পরও পূজারাকে টিমে চেয়েছিলেন গম্ভীর। কিন্তু তাঁর দাবি মানেনি অজিত আগরকারের নেতৃত্বাধীন নির্বাচন কমিটি।

নতুন বছরেই দুঃসংবাদ, মারা গেলেন ইস্টবেঙ্গলের প্রাক্তন ফুটবল অধিনায়ক

দুরন্ত বার্তা, কলকাতা, ১ জানুয়ারিঃ বছরের শুরুতেই দুঃসংবাদ পেলেন ইস্টবেঙ্গল সমর্থকরা। লাল-হলুদ ব্রিগেডের প্রাক্তন অধিনায়ক অলোক সাহা শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন। বয়স হয়েছিল ৬৪ বছর। ইস্টবেঙ্গল ফুটবল ক্লাবের ডিফেন্স অন্যতম বড় ভরসা ছিলেন তিনি। পারিবারিক সূত্রে জানা গিয়েছে, ফুটবল খেলার পাশাপাশি সিইএসসি-তে চাকরি করতেন অলোক সাহা। তবে চাকরি থেকে অবসর গ্রহণ করার পর থেকেই তিনি নার্ভের সমস্যায় ভুগতে শুরু করেন। গত তিন বছর তিনি বিছানায় শয্যাশায়ী ছিলেন। বুধবার ভোররাতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। পরিবারে রেখে গেলেন স্ত্রী এবং ছেলেকে। লাল-হলুদের এই প্রাক্তন অধিনায়কের স্মরণে বুধবারে



ক্লাবের পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। প্রসঙ্গত, ১৯৮৩ সাল থেকে ১৯৮৮ সাল পর্যন্ত ইস্টবেঙ্গল ডিফেন্সের অন্যতম ভরসা ছিলেন অলোক সাহা। ১৯৮৩ সালে ইস্টবেঙ্গলকে আইএফএ শিল্ড এবং ডিসিএম টুর্নামেন্টে চ্যাম্পিয়ন করার পিছনে তাঁর বড় অবদান ছিল। পরের বছর অর্থাৎ ১৯৮৪ সালে শিল্ড এবং সঞ্জয় গান্ধী গোল্ড কাপে তিনি যে পারফরম্যান্স করেছিলেন, সেটা আজও লাল-হলুদ সমর্থকদের হৃদয়ে অঙ্কিত হয়ে রয়েছে। পাশাপাশি ১৯৮৫ সালে কলকাতায় অনুষ্ঠিত কোকাকোলা কাপে ইস্টবেঙ্গলকে চ্যাম্পিয়ন করার পিছনে তাঁর বড় ভূমিকা ছিল। এছাড়া তিনি লাল-হলুদ জার্সিতে ফেডারেশন কাপ, দার্কিলিং গোল্ড কাপ, স্টারফোর্ড টুর্নামেন্ট, কলকাতা লিগ, এয়ারলাইন্স গোল্ড কাপ। ১৯৮৭ সালে তাকে মশালবাহিনীর অধিনায়কও করা হয়েছিল। ইস্টবেঙ্গলের পাশাপাশি তিনি বাংলার হয়ে সন্তোষ ট্রফিও খেলেছেন।

সঞ্জয় সেনের প্রশংসায় পঞ্চমুখ লাল-হলুদ শীর্ষকর্তা

দুরন্ত বার্তা প্রতিবেদন

গত মঙ্গলবার সন্ধ্যায় শক্তিশালী কোরালকে হারিয়ে সন্তোষ ট্রফি ঘরে তুলেছে বাংলা দল। সেই নিয়ে যথেষ্ট খুশি বারের ফুটবলপ্রেমী জনতা। এদিন দলের হয়ে একটি মাত্র গোল করে যান রবি হাঁসপা। বলতে গেলে তাঁর হাত ধরেই প্রায় বছর সাতকের অপেক্ষার পর এই ঐতিহ্যবাহী ট্রফি ঘরে তুলল সঞ্জয় সেনের ছেলেরা। পূর্বে গত ২০১৮ এবং ২০২২ সালে ও সন্তোষ ট্রফির ফাইনালে এই কোরাল দলের মুখোমুখি হয়েছিল বাংলার ছেলেরা। কিন্তু সেই দুইটি মরসুমে অসাধারণ পারফরম্যান্স করে ও চূড়ান্ত সাফল্য আসেনি। যারফলে এবার কার্যত বদলার লড়াই ছিল চারু সিরিজের কাছে। অন্যদিকে বাংলা বধের ধারা বজায় রাখার লক্ষ্য ছিল প্রতিপক্ষ দলের। সেজন্য এই ফাইনাল ম্যাচের প্রথম থেকেই হাড্ডাহাড্ডি লড়াইয়ের সাক্ষী ছিল সকলকে। প্রথমার্ধ জুড়ে কোরাল দল একের পর এক



গোলের সুযোগ তৈরি করলেও সেটা কাজে লাগাতে পারেনি। যারফলে গোলশূন্য ভাবেই শেষ হয় প্রথমার্ধ। কিন্তু দ্বিতীয়ার্ধের শুরু থেকেই নিজেদের দুরন্ত ছন্দে ধরা দেয় সেখা সুফিয়ানরা। ম্যাচের বয়স এগাণোয়ার সাথে সাথেই মাঝমাঠের দখল নিতে শুরু করে বাংলা দল। তবুও গোলের মুখ খুলতে যথেষ্ট

বেগ পেতে হয় ফুটবলারদের। শেষ পর্যন্ত অতিরিক্ত সময় গোল করে দলকে চূড়ান্ত সাফল্য এনে দেন রবি হাঁসপা। বন্ধীয় ফুটবল দলের এই অভূতপূর্ব সাফল্য নিয়েই এবার মুখ খুললেন ইস্টবেঙ্গল শীর্ষকর্তা দেবব্রত সরকার। তিনি বলেন, ‘বাংলা চ্যাম্পিয়ন হল যেন মনে হয় ইস্টবেঙ্গল ক্লাব চ্যাম্পিয়ন হল। ইস্টবেঙ্গল

ক্লাব যেমন আমাদের হৃদয়ে ঠিক তেমনভাৱেই বাংলা দল ও আমাদের হৃদয়ে রয়েছে। বেশ কয়েক বছর ধরেই বাংলা দল সাফল্য পাওয়ার চেষ্টা করেছে তবে এদিন যথেষ্ট পরিকল্পনা মাফিক ফুটবল খেলেছে। তাছাড়া সকলেই যথেষ্ট পরিশ্রম করেছে। দীর্ঘদিন ধরে খেলোয়াড় স্কাউটিং করেছে। আমি সকলকে ধন্যবাদ জানাই। এবং এই সমস্ত কিছুর নায়ক সঞ্জয় সেন।’ পাশাপাশি এই বাঙালি কোচের প্রশংসা করে তিনি আরও বলেন, ‘সঞ্জয় সেনের উপর আমার বরাবর বিশ্বাস। সে খুব ভালো কোচ। ভালো ম্যান ম্যানেজমেন্ট করে। টেকনিক্যালি যথেষ্ট আক্সিড। পক্ষপাতিত্ব মনোভাব নেই। তাঁর জন্য আমার বিশ্বাস ছিল। এই জন্যই আমি বারবার বলছিলাম প্রথম থেকেই বাংলা ভালো খেলবে। সেইসাথে রয়েছে চ্যাম্পিয়নশিপের লাক। এর মধ্যে দিয়েই বাংলা সাফল্য পেয়েছে। আজকে সেটাই প্রমাণ হল। বাংলার ফুটবল দলের সকলকেই আমাদের তরফ থেকে ধন্যবাদ ও শুভেচ্ছা।’